খসড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নন-ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে বিভাগীয় পদোন্নতি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো. নজরুল ইসলাম খান
সচিব
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

তারিখ ঃ .... এপ্রিল ২০১৫ সময় ঃ ০৯.০০ টা

স্থান ঃ শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। জনাব ...., অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব ...., যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জনাব ...., যুগ্ম-সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব ...., মহাপরিচালক (ভারপ্রাপ্ত), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে সভায় নন-ক্যাডারভুক্ত (টেক ও নন-টেক) কর্মকর্তাদের (অধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক, সহকারী পরিচালক ও চিফ ইন্সট্রাক্টর) পদোন্নতির লক্ষ্যে কার্যপত্র উপস্থাপন করা হয়। সভায় বিশেষ আমন্ত্রণে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব এ.এস. মাহমুদ ও অতিরিক্ত সচিব জনাব স্বপন কুমার সরকার উপস্থিত ছিলেন। অতঃপর পদোন্নতির লক্ষ্যে শূন্য পদের বিবরণীসহ কর্মকর্তাদের চাকুরি সংক্রান্ত তথ্যাবলী সভায় উপস্থাপিত হয়।

০১। নন-ক্যাডারভুক্ত অধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক, সহকারী পরিচালক ও চিফ ইন্সট্রাক্টর (টেক ও নন টেক) পদে শূন্যপদের বিবরণী

ক্র: নং	পদ ও বেতন স্কেল (জা:বে: স্কেল ০৯)	সৃষ্ট পদ	পদোন্নতিযোগ্য পদ সংখ্যা			পদোন্নতির তালিকাভুক্ত কর্মকর্তা	পদোন্নতির কোটা
			কর্মরত	শূন্য পদ	মোট		
০১	অধ্যক্ষ ২৫৭৫০-৩৩৭৫০	০৯	০	০৯	০৯	-	১০০%
০২	সহযোগী অধ্যাপক ২৫৭৫০-৩৩৭৫০	০৩	০	০৩	০৩	০৩	১০০%
০৩	উপাধ্যক্ষ ২২২৫০-৩১২৫০	০৯	০	০৯	০৯	১১	১০০%
০৪	সহকারী অধ্যাপক ১৮৫০০-২৯৭০০	০৬	০	০৩	০৩	০১	৫০%
০৫	চিফ ইন্সট্রাক্টর (টেক, কম্পিউটার) ১৮৫০০-২৯৭০০	১০	০	০৫	০৫	০৪	৫০%
০৬	চিফ ইন্সট্রাক্টর (টেক, ইলেকট্রনিক্স) ১৮৫০০-২৯৭০০	১৭	০	০৯	০৯	০৮	৫০%
০৭	চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) ১৮৫০০-২৯৭০০	০৯	০	০৫	০৫	০২	৫০%
০৮	সহকারী পরিচালক ১৮৫০০-২৯৭০০	০৩	০	০৩	০৩	০১	১০০%
০৯	প্রোগ্রামার ১৮৫০০-২৯৭০০	০১	০	০	০	০	
	সর্বমোট	**৬৭**	**০**	**৪৬**	**৪৬**	**৩০**	

০২। নন-ক্যাডারভুক্ত (টেক ও নন-টেক) কর্মকর্তাদের (অধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক, সহকারী পরিচালক ও চিফ ইন্সট্রাক্টর) পদোন্নতির লক্ষ্যে ''কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১'' এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ সহ প্রচলিত অন্যান্য শর্তাবলীর আলোকে পদোন্নতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পদোন্নতির ক্ষেত্রে মঞ্জুরীকৃত পদ, শূন্য পদ, পদোন্নতির কোটা, ফিডার পদ, এসিআর ও শৃঙ্খলা সহ পদোন্নতি সংশ্লিষ্ট বিষয়সমূহ পর্যালোচনাক্রমে গ্রেডেশন তালিকা, জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতার ভিত্তিতে পদোন্নতি প্রদানের বিষয়ে একমত পোষণ করা হয়।

০৩। সভায় প্রোগ্রামার পদের পদোন্নতির ক্ষেত্রে বিস্তারিত আলোচনাক্রমে এ মর্মে সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয় যে, প্রোগ্রামার পদটি চিফ ইন্সট্রাক্টর পদের সমতুল্য হলেও ''কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১'' তে পদটি অর্ন্তভুক্ত না হওয়ায় ফিডার পদ হিসেবে পদোন্নতির ক্ষেত্রে এ পর্যায়ে বিবেচ্য নয়। প্রোগ্রামার পদটি ফিডার পদ হিসেবে গণ্য করে নিয়োগ বিধিতে প্রযোজ্য সংশোধনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের দৃষ্টি আর্কষণ করা হয়।

০৪। নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ এর আলোকে ''প্রেষণে কর্মরতদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান না করা পর্যন্ত পদোন্নতি কার্যকর হইবে না এবং কোন কর্মকর্তা প্রেষণরত অবস্থায় পদোন্নতি প্রাপ্ত হইয়া সরাসরি একই প্রেষণ পদে অথবা অপর একটি প্রেষণ পদে যোগদান করিতে পারিবে না'' এবং ''অবসররোত্তর ছুটি (পিআরএল) ভোগরত কোন কর্মকর্তা ও কর্মচারী বিবেচিত হইবেন না''- এ মর্মে সভায় ঐকমত্য পোষণ করা হয়। তাছাড়া, লিয়েনে কর্মরতদের ক্ষেত্রে লিয়েন নীতিমালা প্রযোজ্য হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

০৫। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্যাডার বহির্ভূত অধ্যক্ষ পদে ০৯টি; সহযোগী অধ্যাপক ০৩টি; উপাধ্যক্ষ পদে ০৯টি; সহকারী অধ্যাপক পদে ০৩টি; চিফ ইন্সট্রাক্টর (টেকঃ কম্পিউটার) পদে ০৫টি; চিফ ইন্সট্রাক্টর (টেকঃ ইলেক্ট্রনিক্স) পদে ০৯টি; চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) পদে ০৫টি ও সহকারী পরিচালক পদে ০৩টি সহ সর্বমোট ৪৬টি শূন্য পদের বিপরীতে যথাক্রমে অধ্যক্ষ পদে ০জন; সহযোগী অধ্যাপক ০২জন; উপাধ্যক্ষ পদে ১১জন; সহকারী অধ্যাপক পদে ০১জন; চিফ ইন্সট্রাক্টর (টেকঃ কম্পিউটার) পদে ০৪জন; চিফ ইন্সট্রাক্টর (টেকঃ ইলেক্ট্রনিক্স) পদে ০৮জন; চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) পদে ০২জন, সহকারী পরিচালক পদে ০১জন ও প্রোগ্রামার পদে ০১জন মোট ৩১ জন কর্মকর্তার পদোন্নতির ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী সভায় উপস্থাপিত হয়।

০৬। অধ্যক্ষ পদে পদোন্নতির জন্য কর্মকর্তার তালিকা
ফিডার পদ ঃ উপাধ্যক্ষ

পদোন্নতির পদ, বেতন স্কেল ও গ্রেড	ফিডার পদ	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল		ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
১	২	৩	৪	৫	৬
অধ্যক্ষ পদে পদোন্নতির জন্য ফিডার পদের কোন কর্মকর্তা না থাকায় এ পর্যায়ে পদোন্নতি প্রদান করা গেল না।					

০৭। সহযোগী অধ্যাপক ও উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য কর্মকর্তাদের তালিকা
ফিডার পদ ঃ সহকারী অধ্যাপক, চিফ ইন্সট্রাক্টর, সহকারী পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডের প্রজেক্ট অফিসার পদ

(ক) পদোন্নতির পদ ঃ সহযোগী অধ্যাপক

বেতন স্কেল ও গ্রেড ঃ **২৫,৭৫০-৩৩,৭৫০ (৪র্থ গ্রেড)**
ফিডার পদ ঃ সহকারী অধ্যাপক
শূন্য পদ ঃ ০৩
মোট কর্মকর্তা ঃ ০৩

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৩০০০১	জনাব মোঃ জহির উদ্দিন কামাল রফিকুল ইসলাম সহকারি অধ্যাপক টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ	২২ বছর ০৬ মাস	সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৩০০০২	জনাব দিলিপ কুমার পাল সহকারি অধ্যাপক টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।	২২ বছর ০৬ মাস	সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০১৪	জনাব নুরে আলম সহকারী অধ্যাপক টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।	০৫ বছর ০৪ মাস	পদোন্নতির জন্য ফিডার পদে প্রয়োজনীয় চাকুরিকাল ০৬ বছর পূরণ হয়নি। এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।

(খ) পদোন্নতির পদ ঃ উপাধ্যক্ষ

বেতন স্কেল ও গ্রেড ঃ ২২২৫০-৩১২৫০ (৫ম গ্রেড)

ফিডার পদ ঃ চিফ ইন্সট্রাক্টর, সহকারী পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডের প্রকল্প কর্মকর্তা

শূন্য পদ ঃ ০৯

মোট কর্মকর্তা ঃ ১১

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৩০০০৩	জনাব আহসানুর রহমান প্রকল্প কর্মকর্তা কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।	২২ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০০৪	জনাব হরিপদ দাস চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) (লিয়েনে প্রোগ্রামার অফিসার হিসেবে আইএলও ঢাকা অফিসে কর্মরত)।	১৯ বছর ০৬ মাস	১৯৯৭ সাল হতে সংরক্ষণ প্রক্রিয়ার মাধ্যমে চাকুরিরত। এখনো নিয়মিতকরণ/ স্থায়ীকরণ হয়নি। এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।
৩০০০৫	জনাব মোঃ মোতাহার হোসেন চিফ ইনস্ট্রাক্টর (কম্পিউটার) ঢাকা মহিলা পলি: ইন্সটিটিউট, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০০৬	জনাব রুহুল আমিন চিফ ইনস্ট্রাক্টর (কম্পিউটার) বর্তমানে সহকারি পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০০৭	জনাব মোঃ মনিরউদ্দিন চিফ ইনস্ট্রাক্টর (কম্পিউটার) ঢাকাপলিটেকনিকইন্সটিটিউট,ঢাকা।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০০৮	জনাব এ এম এম নাজমুল হক চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০০৯	জনাব কোরায়শী খোরশেদ আলম চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) যশোর পলিটেকনিক ইন্সটিটিউট, যশোর।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৩০০১০	জনাব সুনীল চন্দ্র চৌধুরী চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট, চট্টগ্রাম।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০১১	জনাব মোঃ আব্দুর রাজ্জাক চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) রংপুর পলিটেকনিক ইন্সটিটিউট, রংপুর বর্তমানে ডেপুটি কন্ট্রোলার, বাঃকাঃশিঃ বোর্ড।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০১২	জনাব জয়দেব চন্দ্র সাহা চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ডেপুটি ডাইরেক্টর, স্টেপ প্রকল্প, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৩০০১৩	জনাব সাবেরা সুলতানা চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট, ময়মনসিংহ।	১৭ বছর ০৬ মাস	উপাধ্যক্ষ পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

০৮। প্রোগ্রামার এর পদোন্নতির জন্য কর্মকর্তার তালিকাঃ
ফিডার পদ ঃ নিয়োগ বিধিতে উল্লেখ নেই

পদোন্নতির পদ, বেতন স্কেল ও গ্রেড	ফিডার পদ	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল		ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
১	২	৩	৪	৫	৬
পদটি ব্লক পোষ্ট	প্রোগ্রামার	গ্রেডেশন নং ১০০১	জনাব মোঃ আয়েত আলী প্রোগ্রামার গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, ঢাকা।	১৮ বছর ০৬ মাস	পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।
প্রোগ্রামার পদটি চিফ ইন্সট্রাক্টর পদের সমমান হলেও নন-ক্যাডার নিয়োগ বিধিমালা ২০১১ তে পদটি অর্ন্তভুক্ত হয়নি। সে প্রেক্ষিতে প্রযোজ্যতা বিবেচনায় ফিডার পদ হিসেবে গণ্য করে পদোন্নতির লক্ষ্যে নিয়োগ বিধিতে প্রযোজ্য সংশোধনী আনা যেতে পারে। এ পর্যায়ে পদোন্নতি প্রদানের সুযোগ নেই।					

০৯। সহকারী অধ্যাপক, সহকারী পরিচালক, চিফ ইনস্ট্রাক্টর (কম্পিউটার ও ইলেক্ট্রনিক্স), পদে পদোন্নতির জন্য কর্মকর্তার তালিকা
ফিডার পদ ঃ লেকচারার, ইন্সট্রাক্টর, ওয়ার্কশপ সুপার ও প্রকল্প কর্মকর্তা

(ক) পদোন্নতির পদ ঃ সহকারী অধ্যাপক
বেতন স্কেল ও গ্রেড ঃ ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড)
ফিডার পদ ঃ লেকচারার
শূন্য পদ ঃ ০৩
মোট কর্মকর্তা ঃ ০১

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০০১	জনাব মোঃ লুৎফর রহমান লেকচারার (ইলেকট্রিক্যাল) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।	২২ বছর ০৬ মাস	সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

(খ) **পদোন্নতির পদ ঃ সহকারী পরিচালক**

বেতন স্কেল ও গ্রেড ঃ ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড)

ফিডার পদ ঃ প্রকল্প কর্মকর্তা

শূন্য পদ ঃ ০৩

মোট কর্মকর্তা ঃ ০১

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০০২	জনাব হাসান ফজলে হালিম প্রকল্প কর্মকর্তা কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।	২২ বছর ০৬ মাস	সহকারী পরিচালক পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

(গ) **পদোন্নতির পদ ঃ চিফ ইন্সট্রাক্টর (ইলেক্ট্রনিক্স)**

বেতন স্কেল ও গ্রেড ঃ ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড)

ফিডার পদ ঃ ইন্সট্রাক্টর (ইলেক্ট্রনিক্স)

শূন্য পদ ঃ ০৯

মোট কর্মকর্তা ঃ ০৮

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০০৩	কানিজ পারভীন ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ঢাকা মহিলা পলিঃ ইন্সটিটিউট, ঢাকা।	১৯ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০০৬	জনাব মৃদুলকান্তি দেবনাথ ওয়ার্কসপ সুপার (ইলেকট্রনিক্স) চট্টগ্রাম মহিলা পলিঃ ইন্সটিটিউট, ঢাকা।	১৯ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০০৮	জনাব মোঃ নকিবর রহমান ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০১১	মোঃ মিজানুর রহমান ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) যশোর পলিটেকনিক ইন্সটিটিউট, যশোর।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০১২	জনাব সানজিদা শাহনাজ ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ঢাকা মহিলা পলিঃ ইন্সটিটিউট, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০১৩	জনাব মোঃ শামছুল হক ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ময়মনসিংহ পলি: ইন্সটিটিউট, ময়মনসিংহ ।	১৭ বছর ০৬ মাস	জনপ্রশাসন মন্ত্রণালয়ে চাকুরি স্থায়ীকরণের প্রস্তাব প্রক্রিয়াধীন আছে। এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।
৪০০১৪	জনাব মোঃ আমিরুল ইসলাম ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।	১৭ বছর ০৬ মাস	জনপ্রশাসন মন্ত্রণালয়ে চাকুরি স্থায়ীকরণের প্রস্তাব প্রক্রিয়াধীন আছে। এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০১৫	জনাব অনিমেশ চন্দ্র সূত্রধর ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিক্স) ময়মনসিংহ পলি: ইন্সটিটিউট, ময়মনসিংহ।	১৭ বছর ০৬ মাস	জনপ্রশাসন মন্ত্রণালয়ে চাকুরি স্থায়ীকরণের প্রস্তাব প্রক্রিয়াধীন আছে। এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।

(ঘ) পদোন্নতির পদ ঃ চিফ ইন্সট্রাক্টর (নন-টেক)

বেতন স্কেল ও গ্রেড ঃ ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড)

ফিডার পদ ঃ ইন্সট্রাক্টর (নন-টেক)

শূন্য পদ ঃ ০৫

মোট কর্মকর্তা ঃ ০২

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০০৪	জনাব মোহাম্মদ আলী ইনস্ট্রাক্টর (নন-টেক) টাংগাইল পলি: ইন্সটিটিউট, টাংগাইল।	১৯ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০০৫	জনাব জাফরিনা আক্তার খানম ইনস্ট্রাক্টর (নন-টেক) টাংগাইল পলি: ইন্সটিটিউট, টাংগাইল।	১৯ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

(ঙ) পদোন্নতির পদ ঃ চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার)

বেতন স্কেল ও গ্রেড ঃ ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড)

ফিডার পদ ঃ ইন্সট্রাক্টর (কম্পিউটার)

শূন্য পদ ঃ ০৫

মোট কর্মকর্তা ঃ ০৪

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০০৭	জনাব জাহেদ আহমদ চৌধুরী ইনস্ট্রাক্টর (কম্পিউটার) ঢাকা মহিলা পলিঃ ইন্সটিটিউট, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০০৯	জনাব মোঃ শাহ আলম মজুমদার ইনস্ট্রাক্টর (কম্পিউটার) ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত
৪০০১০	জনাব মোঃ খোরশেদ আলম ইনস্ট্রাক্টর (কম্পিউটার) ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, ঢাকা।	১৭ বছর ০৬ মাস	চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত

গ্রেডেশন নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ফিডার পদের মেয়াদ ৩১/১২/২০১৪	সুপারিশ
৪০০১৬	জনাব মোঃ আব্দুর রশিদ ইনস্ট্রাক্টর (কম্পিউটার) রাজশাহী পলিঃ ইন্সটিটিউট, রাজশাহী।	১৭ বছর ০৬ মাস	জনপ্রশাসন মন্ত্রণালয়ে চাকুরি স্থায়ীকরণের প্রস্তাব প্রক্রিয়াধীন আছে।
			এ পর্যায়ে পদোন্নতির জন্য সুপারিশ করা গেল না।

১০। সার্বিক পর্যালোচনায় বিভাগীয় পদোন্নতি কমিটির বিবেচনায় উল্লিখিত তথ্যাবলীর ভিত্তিতে পদোন্নতিযোগ্য শূন্য পদে স্ব-স্ব কর্মকর্তার নামের বিপরীতে সুপারিশকৃত পদে পদোন্নতি প্রদানের সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

সচিব
ও
সভাপতি
বিভাগীয় পদোন্নতি কমিটি-১।

[বিঃ দ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন নন-ক্যাডারভূক্ত কর্মকর্তাদের পদোন্নতির লক্ষ্যে খসড়া কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করা হলো।]